১৪১২৪

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 OCT 1992
পৃষ্ঠা (৩) কলাম (৫)

27

# কম্পিউটার প্রতিযোগিতা সমাপ্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতার দ্বিতীয় পর্বে গত শুক্রবার ঢাকা ও চট্টগ্রামের কিশোররা প্রায়োগিক ভাষা, প্যাকেজ ও প্রোগ্রাম তৈরীর ক্ষেত্রে ভার্সিটির ছাত্র ও পেশাজীবীদের চাইতেও ক্ষিপ্রতা, গতিময়তা ও সৃজনশীলতার পরিচয় দেয়। মোহাম্মদপুর কম্পিউটার কাউন্সিল ভবনে অনুষ্ঠিত প্রতিযোগিতায় বিজ্ঞানী ডঃ আল মুতি শরফুদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ডঃ লুৎফর রহমান প্রমুখ প্রতিযোগিতায় পরীক্ষকের দায়িত্ব পালন করেন। ডঃ মঈন খান এমপি বিসিসির নির্বাহী পরি-

(৪র্থ পৃঃ দ্রঃ)

## প্রতিযোগিতা সমাপ্ত

(৩য় পৃঃ পর)

চালক ইদ্রিস আলী, উদ্যোক্তা প্রতিষ্ঠান কম্পিউটার জগতের আবদুল কাদের প্রমুখ উপস্থিত ছিলেন। সকাল ৯টা হইতে মধ্যাহ্ন বিরতিসহ রাত ৮টা পর্যন্ত এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্কুল-কলেজ পর্যায়ের ১৫ জন, বিশ্ববিদ্যালয় পর্যায়ের ও পেশাজীবী গ্রুপের ২০ জন দুই ভাগে এই প্রতিযোগিতায় অংশ নেয়।